

📖 নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

আরব জাতি (الشعب العربي وأقوامها)

মধ্যপ্রাচ্যের মূল অধিবাসী হ'লেন আরব জাতি। সেকারণ একে আরব উপদ্বীপ (جزيرة العرب) বলা হয়। আরবরা মূলতঃ তিনটি সম্প্রদায়ে বিভক্ত। ১. আদি আরব (العربُ البائدة) যারা আদ, ছামূদ, আমালেকা প্রভৃতি আদি বংশের লোক। যাদের বিস্তৃত ইতিহাস পাওয়া যায় না। ২. ক্বাহত্বানী আরব (العربُ العاربة) যারা ইয়ামনের অধিবাসী। এরা ইয়া'রাব বিন ইয়াশজাব বিন ক্বাহত্বানের বংশধর। ৩. 'আদনানী আরব (العربُ المُستعربة) এরা ইরাক থেকে আগত ইবরাহীম-পুত্র ইসমাইল (আঃ)-এর বংশোদ্ভূত 'আদনান-এর বংশধর। এদের বংশেই রাসূলুল্লাহ (ছাঃ)-এর জন্ম হয়।

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=5144>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন